দৈনিক
আমাদের সময়

তারিখ 26 DEC 2017
পৃষ্ঠা ১ কলাম ৫

# শিক্ষামন্ত্রীর বক্তব্য ভয়ঙ্কর বার্তা

**নিজস্ব প্রতিবেদক** ●

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী আহমেদ বলেছেন, 'ঘুষ খান সহনীয় মাত্রায়'– শিক্ষামন্ত্রীর এ বক্তব্যে প্রমাণিত হয়েছে, সরকার আত্মস্বীকৃত চোর ও দুর্নীতিবাজ। আর 'চালের মূল্য সরকারই চেয়েছে কিছুটা বাড়ুক'– অর্থমন্ত্রীর এ বক্তব্যে সরকারের গণবিরোধী রূপ আবারও প্রকাশ পেয়েছে। গতকাল নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে

এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

## শিক্ষামন্ত্রীর বক্তব্য

(প্রথম পৃষ্ঠার পর) এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, শিক্ষামন্ত্রীর বক্তব্য জাতির হৃদয়স্পন্দনকে থামিয়ে দেওয়ার শামিল। তার এ বক্তব্যে বিষণ্ন জাতির বিষণ্ন ভবিষ্যৎ আমরা দেখতে পাচ্ছি। মন্ত্রীর বক্তব্যে প্রমাণিত হলো, বর্তমান সরকার আত্মস্বীকৃত চোর ও দুর্নীতিবাজ। দেশের শিক্ষামন্ত্রীর বক্তব্য যদি এটাই হয়, তা হলে তিনি এক ভয়ঙ্কর বার্তা পাঠালেন শিক্ষাঙ্গনে। তার কথায় মনে হয়, তিনি চাচ্ছেন ছাত্রছাত্রীরা সুশিক্ষিত হওয়ার বদলে বখাটে হোক।

অন্যদিকে, চালের মূল্য সরকারই চেয়েছে কিছুটা বাড়ুক– আবুল মাল আবদুল মুহিতের এ বক্তব্যে সরকারের গণবিরোধী রূপ আবারও প্রকাশ পেয়েছে। আমি বিএনপির পক্ষ থেকে অর্থমন্ত্রীর বক্তব্যের মধ্য দিয়ে সরকারের গণদুশমনমূলক নীতির নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। এটা রাবিশ অর্থমন্ত্রীর রাবিশ রসিকতা।